গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
১ম ১২তলা সরকারি অফিস ভবন (১১তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
ওয়েব: www.bkkb.gov.bd

নম্বর: ০৫.৮১.০০০০.০০৭.১১.০০১.১৮(অংশ-১)-২১৮

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ
২৯ মে, ২০২৩ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ের নিম্নে উল্লিখিত পদসমূহে শর্তসাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে অনলাইনে (https://alljobs.teletalk.com.bd/bkkb বা http://bkkb.teletalk.com.bd ওয়েবসাইটে) দরখাস্ত আহবান করা হচ্ছে:

| নং | পদের নাম ও বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১। | সহকারী পরিচালক<br>(গ্রেড-৯)<br>বেতনস্কেল- ২২০০০-৫৩০৬০/- | ০৪ (চার) টি | সমাজকল্যাণ/ সমাজকর্ম/ সমাজবিজ্ঞান/ অর্থনীতি/ লোকপ্রশাসন/ রাষ্ট্রবিজ্ঞান/ জনসংখ্যা বিজ্ঞান বা নৃ-বিজ্ঞানে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০২। | সহকারী প্রোগ্রামার<br>((গ্রেড-৯)<br>বেতনস্কেল- ২২০০০-৫৩০৬০/- | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী;<br>(খ) Programming এর জন্য Standard Test এ অবশ্যই উত্তীর্ণ হতে হবে। | |
| ০৩। | সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী<br>(গ্রেড-৯)<br>বেতনস্কেল- ২২০০০-৫৩০৬০/- | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার সায়েন্স / কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী;<br>(খ) Standard Test এ অবশ্যই উত্তীর্ণ হতে হবে। | |
| ০৪। | পরিবহণ কর্মকর্তা<br>(গ্রেড-১০)<br>বেতনস্কেল- ১৬০০০-৩৮৬৪০/- | ০১ (এক) টি | ০৩(তিন) বৎসর মেয়াদী মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা বা ০৩(তিন) বৎসর মেয়াদী অটোমোবাইলে ডিপ্লোমা; তবে সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | |
| ০৫। | কম্পিউটার অপারেটর<br>(গ্রেড-১৩)<br>বেতনস্কেল- ১১০০০-২৬৫৯০/- | ০৪ (চার) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | |
| ০৬। | হিসাবরক্ষক<br>(গ্রেড-১৩)<br>বেতনস্কেল- ১১০০০-২৬৫৯০/- | ০৯ (নয়) টি | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি; তবে সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। | |
| ০৭। | ক্যাশিয়ার<br>(গ্রেড-১৪)<br>বেতনস্কেল- ১০২০০-২৪৬৮০/- | ০১ (এক) টি | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পরীক্ষায় উত্তীর্ণ। তবে সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে এবং প্রয়োজনে, নির্ধারিত জামানত জমা প্রদান করতে হবে। | নরসিংদী, মাদারীপুর, শেরপুর, কুড়িগ্রাম, নীলফামারী, পঞ্চগড়, নড়াইল, সাতক্ষীরা, বরগুনা, জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই। তবে এতিম এবং শারীরিক প্রতিবন্ধি কোটার ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ০৮। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>(গ্রেড-১৬)<br>বেতনস্কেল-৯৩০০-২২৪৯০/- | ২৫ (পঁচিশ) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি বাংলায় প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ ও ইংরেজিতে প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। | |
| ০৯। | ডাটা এন্ট্রি/ কন্ট্রোল অপারেটর<br>গ্রেড-১৬)<br>বেতনস্কেল-৯৩০০-২২৪৯০/- | ০৯ (নয়) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজীতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | |
| ১০। | গাড়িচালক<br>গ্রেড-১৬)<br>বেতনস্কেল-৯৩০০-২২৪৯০/- | ০২ (দুই) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) গাড়ি চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স;<br>(গ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন। | |

**শর্তাবলি:**

২। আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই নিম্নবর্ণিত শর্তাবলি অনুসরণ করতে হবে:

ক. **৩০/০৬/২০২৩খ্রি.** তারিখে সাধারণ প্রার্থী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং বীর মুক্তিযোদ্ধা/ শহিদ বীর মুক্তিযোদ্ধা পুত্র-কন্যার পুত্র-কন্যা এর ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩০ বছর। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নং স্মারকের নির্দেশনামতে **প্রার্থীদের বয়স ২৫-০৩-২০২০ তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন;**

খ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে;

গ. সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন;

ঘ. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্র ও লাইসেন্স এর মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সনদপত্রের সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিতে হবে;

ঙ. আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/ শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সে মর্মে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পিতা/ মাতা/ পিতামহ/ মাতামহ এর বীর মুক্তিযোদ্ধার সনদের সত্যায়িত ফটোকপি এবং বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সে ক্ষেত্রে প্রমাণক স্বরূপ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের মূলকপি জমা দিতে হবে;

চ. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না;

ছ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এসংক্রান্ত বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

জ. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

ঝ. পরীক্ষার কেন্দ্রে স্বাস্থ্য বিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে;

ঞ. আবেদনপত্র জমাদানের পর সঙ্গত কারণে প্রার্থীর স্থায়ী ঠিকানা পরিবর্তন হলেও আবেদনে স্থায়ী ঠিকানায় উল্লিখিত জেলার ভিত্তিতেই প্রার্থীর ফলাফল নির্ধারিত হবে;

ট. প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পরলে বা কোনো প্রতারণা বা দুনীর্তির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে;

ঠ. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৩. **আবেদনপত্র পূরণসংক্রান্ত শর্তাবলি:**

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক প্রার্থীগণ (https://alljobs.teletalk.com.bd/bkkb বা http://bkkb.teletalk.com.bdওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online- এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০১/০৬/২০২৩ সকাল ১০:০০টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩০/০৬/২০২৩ বিকাল ৫:০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষাসংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। প্রার্থী উক্ত Applicant's copy প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০১-০৩ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৬০০/-(ছয়শত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬৭.০০ টাকাসহ মোট ৬৬৭/- (ছয়শত সাতষট্টি) টাকা, ০৪ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৫৬.০০ টাকাসহ মোট ৫৫৬/- (পাঁচশত ছাপ্পান্ন) টাকা, এবং ০৫-১০ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ২৩.০০ টাকাসহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, "Online এর আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online- আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহিত হবে না"।

**প্রথম SMS:** **BKKB**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BKKB ABCDEF & Send to 16222

Reply: Applicant's Name, Tk.667/556/223 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BKKB<Space>YES<Space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** **BKKB**<space>**YES**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BKKB YES 12345678.

Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for **BKKB** Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://bkkb.teletalk.com.bd** অথবা বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের Website: www.bkkb.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষাসংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্যসংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এ প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: **BKKB**<space>**Help**<space>**User**<**User ID** & Send to 16222.
Example: BKKB Help User ABCDEF

ii. PIN Number জানা থাকলে: **BKKB**<space> **Help**<space>**PIN No** & Send to 16222.
Example: BKKB Help PIN 12345678

বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও **QR Code** স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/bkkb ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

ঝ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: BKKB, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

২৯.০৫.২৩

(এ.কে.এম আবদুল্লাহ খান)
অতিরিক্ত মহাপরিচালক
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড